মহেশপুরে আলমসাধুর ধাক্কায় মোটরসাইকেল চালক কলেজ ছাত্র নিহত

ঝিনাইদহের মহেশপুরে মোটরসাইকেল ও আলমসাদুর মুখোমুখি সংঘর্ষে সজীব হোসেন (১৭) নামে এক কলেজ ছাত্র নিহত হয়েছেন। মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে উপজেলার অনন্তপুর গ্রামে এ দুর্ঘটনা ঘটে।

নিহত সজীব হোসেন উপজেলার লড়াইঘাট মাঠপাড়া গ্রামের সানোয়ার খানের ছেলে। তিনি পদ্মপুকুর ডিগ্রি কলেজের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে সজীব মোটরসাইকেল নিয়ে বাড়ি থেকে কলেজে যাচ্ছিলেন। পথে অনন্তপুর এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি লাটা হাম্বা (আলমসাধুর) গাড়ির সঙ্গে তার মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে সজীব গুরুতর আহত হন। স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। দুর্ঘটনাকবলিত যানবাহনটি শনাক্তের চেষ্টা চলছে।

দর্শনা- মুজিবনগর সড়কে আলমসাধুর ধাক্কায় প্রাণ গেল শিশুর

দর্শনা-মুজিনগর সড়কের কুড়ুলগাছির পশ্চিমপাড়ার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে অবৈধ আলমসাধুর ধাক্কায় শাহরিয়ার হেলাল ঝরা খাতুন নামে চার বছর বয়সী এক শিশু নিহত হয়েছে।

আজ সোমবার দুপুর সাড়ে ১২ টার দিকে দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি মুজিবনগর – দর্শনা সড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহত ঝরা খাতুন (৪) কুড়ুলগাছি গ্রামের পশ্চিম পাড়ার শাহরিয়ার হেলাল ঝলকের মেয়ে।

নিহত শিশুর পরিবার ও প্রত্যেক্ষদর্শীরা জানান, প্রধান সড়কের পাশে অনেক শিশুদের সাথে খেলা করছিলো এমন সময় শিশু ঝরার মামা রাস্তার বিপরীত দিকে দাড়িয়ে ছিলো শিশু ঝরা তার মামাকে দেখে ছুটে রাস্তা পার হবার সময় কার্পাসডাঙ্গা থেকে দর্শনা দিকে একটি দ্রত অবৈধ আলমসাধু দ্রুতগতিতে যাবার সময় তার আলমসাধুর সাথে ধাক্কা লেগে শিশু ঝরা পিচরাস্তার ওপর ছিটকে পড়ে। তাকে স্থানীয়রা গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে জরুরী বিভাগে তাকে প্রাথমিক চিকিৎসা দেবার পর তাকে রাজশাহী মেডিকেল হাসপাতালে রেফার করেন। তাকে নিয়ে পরিবারের লোকজন রাজশাহী মেডিকেল হাসপাতালে পৌছানোর পর সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে শিশু শাহারিয়ার হেলাল ঝরা মারা যায়।

সদর হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক জানান আহত শিশুটির শরীর থেকে প্রচুর রক্তক্ষরণ হয়েছে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহ বলেন, ঘটনাটি শুনেনি কিন্তু কোন অভিযোগ পায়নি। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেয়া হবে।